♣ উত্তরপত্র

প্রাইমারি শিক্ষক নিয়োগ - ২০২২ (২য় ধাপ)

Total questions : 80 Total marks : 80

---

1) To read between the lines' means -

✔ 1)
To read carefully to find out any hidden meaning

2)
To read quick to save time

3)
To read only some lines

4)
To read carefully

ব্যাখ্যা : The phrase mentioned in the question "Read between the lines" is an idiom, which means Perceive or detect a hidden meaning, in something said or written; to try to understand what is meant by something that is not written explicitly or openly. ... Reading between the lines, I don't think she wanted to go in the first place".

Hello BCS

2) নিচের কোন বানানটি শুদ্ধ ?

1)
বীকেন্দ্রীকরণ

2)
বিকেন্দ্রীকরন

✔ 3)
বিকেন্দ্রীকরণ

4)
বিকেন্দ্রিকরণ

ব্যাখ্যা : বিকেন্দ্রীকরণ : (বিশেষ্য পদ) কেন্দ্রের প্রাধান্য হ্রাসকরণ, কেন্দ্র হতে দূরে অপসারণ।

3) সভয়ে লোকটি বলল, বাঘ আসছে। এখানে 'সভয়ে' পদটি কোন বিশেষণের হবে?

1)
ক্রিয়া বিশেষণ

2)
বিশেষণের বিশেষণ

3)
নাম বিশেষণ

✔ 4)
বিশেষ্যের বিশেষণ

ব্যাখ্যা : ক্রিয়া বিশেষণ : যে বিশেষণ পদ বাক্যের ক্রিয়াপদের গুণ, অবস্থা, প্রকৃতি ইত্যাদি নির্দেশ করে, তাকে ক্রিয়া বিশেষণ বলে। যেমন : তাড়াতাড়ি চল। দিন ভালো যাচ্ছে না। জিনিসটা সাবধানে রাখ।

4) 'শোন একটি মুজিবরের থেকে' গানটির গীতিকার কে?

1)
অংশুমান রায়

2)
আপেল মাহমুদ

3)
আলতাফ মাহমুদ

✔ 4)
গৌরীপ্রসন্ন মজুমদার

ব্যাখ্যা :

১৯৭১ সালের এপ্রিলে বাংলাদেশের প্রতিষ্ঠাতা রাষ্ট্রপতি শেখ মুজিবর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণটির মাঝে প্রথম আকাশবাণী কলকাতা কেন্দ্র থেকে রাতে ‘সংবাদ পরিক্রমা’য় বাজানো হয়েছিল একটি গান।

গানটা ছিল ”শোন একটি মুজিবরের থেকে লক্ষ মুজিবরের কণ্ঠস্বরের ধ্বনি প্রতিধ্বনি আকাশে বাতাসে ওঠে রণি ………… বাংলাদেশ, আমার বাংলাদেশ।”

গানের কথা : শোন একটি মুজিবরের থেকে
গীতিকার : গৌরীপ্রসন্ন মজুমদার
সুরকার ও কণ্ঠশিল্পী : অংশুমান রায়

Hello BCS

সঙ্গীতায়োজন : দীনেন্দ্র চৌধুরী

5) ধ্বনি হলো—-?

✔ 1)
ভাষার ক্ষুদ্রতম অংশ

2)
অর্থবোধক শব্দসমষ্টি

3)
ভাষার লিখিত রূপ

4)
দুটি শব্দের মিলন

ব্যাখ্যা : কোনো ভাষার উচ্চারিত শব্দকে বিশ্লেষণ করলে যে উপাদানসমূহ পাওয়া যায় সেগুলোকে পৃথকভাবে ধ্বনি বলে। ধ্বনির সঙ্গে সাধারণত অর্থের সংশ্লিষ্টতা থাকে না, ধ্বনি তৈরি হয় বাগযন্ত্রের সাহায্যে। ধ্বনি তৈরিতে যেসব বাগ্ - প্রত্যঙ্গ সহায়তা করে সেগুলো হলো ফুসফুস, গলনালি, জিহ্বা, তালু, মাড়ি, দাঁত, ঠোঁট, নাক ইত্যাদি।

Hello BCS

6) 'আমরা হিন্দু বা মুসলিম যেমন সত্য, তার চেয়ে বেশি সত্য আমরা বাঙালি কে বলেছিলেন?

1)
কাজী নজরুল ইসলাম

2)
ধীরেন্দ্রনাথ দত্ত

✔ 3)
ড. মুহম্মদ শহীদুল্লাহ

4)
রবীন্দ্রনাথ ঠাকুর

ব্যাখ্যা : ডঃ মুহাম্মদ শহীদুল্লাহ।
প্রশ্নে উল্লেখিত উদ্ধৃতিটি ডঃ মুহাম্মদ শহীদুল্লাহর। এটি জাতীয় ও ধর্মীয় চেতনা সম্পর্কে তার বক্তব্যের অংশবিশেষ। 'আমরা হিন্দু বা মুসলমান যেমন সত্য, তার চেয়ে বেশি সত্য আমরা বাঙালি'। এটি কোন আদর্শের কথা নয় বরং বাস্তব কথা। মা প্রকৃতি নিজের হাতে আমাদের চেহারায় ও ভাষায় বাঙালিত্বের এমন ছাপ রেখে দিয়েছেন যে মালা - তিলক টিকিটে কিংবা টুপি - লুঙ্গি এবং দাড়িতে ঢাকবার জো - টি নেই। তার এ দুঃসাহসিক উক্তি বাঙালির জাতীয় চেতনা শাণিত করনের পাশাপাশি পূর্ববাংলার রাষ্ট্রভাষা আন্দোলন পথ প্রশস্ত হয়।

7) জানুয়ারি' বানানে হ্রস্ব ই-কার হবার কারণ কোন শব্দের কারণে?

1) তদ্ভব
2) তৎসম
✔ 3) অতৎসম
4) সংস্কৃত

ব্যাখ্যা : জানুয়ারি' বানানে হ্রস্ব ই-কার হবার কারণ অতৎসম ।

8) কিন্ডারগার্টেন" কোন ভাষা হতে আগত শব্দ?

1) পর্তুগিজ

✔ 2) জার্মানি

3) ওলুন্দাজ

4) ইংরেজি

ব্যাখ্যা : এ শব্দটি জার্মান, যার অর্থ হচ্ছে শিশুদের বাগান। 'কিন্ডারগার্টেন' শব্দটি বিখ্যাত জার্মান শিশু-শিক্ষানুরাগী ব্যক্তিত্ব ফ্রেডরিখ ফ্রোয়েবল কর্তৃক সৃষ্ট হয়েছে।

Hello BCS

9) পাঠক শব্দটির প্রকৃতি ও প্রত্যয় নিচের কোনটি?

1) পাঠ্য+ণক

2) পাঠ+আক

3) পঠ+অনক

✔ 4) পঠ্+ণক

ব্যাখ্যা :

কৃৎ প্রত্যয় সংজ্ঞা : ধাতুর উত্তর যে প্রত্যয় যোগে নতুন নতুন শব্দ সৃষ্টি হয় তাকে কৃৎ প্রত্যয় বলে। যেমন - √জ্ঞা + ক্ত = জ্ঞাত , √পঠ্ + ণক = পাঠক , √ত্যজ্ + ঘঞ্ = ত্যাগ ইত্যাদি।

√পঠ্ + ণক = পাঠক
পঠ + অক = পাঠক
দু'টো ই সঠিক

10) রবীন্দ্রনাথ ঠাকুর জাতীয় সংগীতের সুর নিয়েছেন কোন গানের সুর থেকে?

✔ 1)
বাউল

2)
মুর্শিদি

3)
ভাটিয়ালি

4)
ভাওইয়া

ব্যাখ্যা : আমার সোনার বাংলা গানটি ১৯৭১ খ্রিষ্টাব্দে স্বাধীন রাষ্ট্র হিসাবে প্রতিষ্ঠিত বাংলাদেশের জাতীয় সঙ্গীত। বঙ্গমাতা সম্পর্কে এই গাঁথা রবীন্দ্রনাথ ঠাকুর কর্তৃক ১৯০৫ সালে রচিত। বাউল গায়ক গগন হরকরার গান "আমি কোথায় পাব তারে" থেকে এই গানের সুর ও সঙ্গীত উদ্ভূত।

Hello BCS

11) কোন বানানটি শুদ্ধ?

1)
আদ্যোাক্ষর

2)
আদ্যোাক্ষর

3)
আদ্যাক্ষর

✔ 4)
আদ্যক্ষর

ব্যাখ্যা :

আদি ও আদ্য শব্দের সঙ্গে অক্ষর শব্দ যুক্ত হয়ে গঠিত হয়েছে যথাক্রমে আদ্যক্ষর ও আদ্যাক্ষর। আদি ও আদ্য অর্থ প্রথম। সংস্কৃত আদ্যক্ষর ও আদ্যাক্ষর অর্থ (বিশেষ্যে) প্রথম অক্ষর। সুতরাং, উভয় শব্দ সমার্থক। কিন্তু কোন শব্দটি শুদ্ধ?

আদ্যক্ষর= আদি+অক্ষর। কারণ : ই/ঈ ছাড়া স্বরবর্ণ পরে থাকলে ই/ঈ-স্থানে য-ফলা হয় এবং সৃষ্ট য-ফলা শেষ পদের প্রথম স্বর নিয়ে প্রথম পদের শেষ বর্ণে যুক্ত হয়। এভবে গঠিত হয়েছে : আদি+অক্ষর= আদ্যক্ষর। অনুরূপ : অতি+অন্ত= অত্যন্ত, আদি+অন্ত= আদ্যন্ত, প্রতি+অহ= প্রত্যহ। প্রতি+আশা= প্রত্যাশা, ইতি+আদি= ইত্যাদি, অভি+উদয়= অভ্যুদয়, অতি+উচ্চ= অত্যুচ্চ, প্রতি+ঊহ্= প্রত্যূহ, প্রতি+এক= প্রত্যেক, যদি+অপি= যদ্যপি।

আদ্যাক্ষর= আদ্য+অক্ষর। কারণ : অ/আ-এর পর অ বা আ থাকলে উভয় বর্ণ মিলে আ হয় এবং সৃষ্ট আ পূর্ববর্ণে যুক্ত হয়। সেভাবে গঠিত হয়েছে : আদ্য+অক্ষর= আদ্যাক্ষর। অনুরূপ : অদ্য+অপি=অদ্যাপি ; অদ্য+অবধি= অদ্যাবধি, অন্য+অন্য= অন্যান্য, কাব্য+অংশ= কাব্যাংশ, বাক্য+অতীত= বাক্যাতীত, মধ্য+অহ্ন= মধ্যাহ্ন ; সাধ্য+অতীত= সাধ্যাতীত, কাব্য+অলংকার= কাব্যালংকার ইত্যাদি।

বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুযায়ী, বাক্যে বিশেষ্য হিসেবে ব্যবহৃত সংস্কৃত আদ্যাক্ষর= আদ্য+অক্ষর= (আদ্য+অ)+অক্ষর। এই অভিধানে আদ্যক্ষর (আদি+অক্ষর) শব্দকে স্থান দেওয়া হয়নি। যদিও আদ্যন্ত (আদি+অন্ত) শব্দকে স্থান দেওয়া হয়েছে। আদ্যন্ত স্থান পেলে আদ্যক্ষর কী দোষ করল?

উপসংহার : ব্যাকরণিক গঠন অনুযায়ী আদ্যক্ষর ও আদ্যাক্ষর উভয় বানানই শুদ্ধ। তবে বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানে কেবল আদ্যাক্ষর শব্দকে স্থান দেওয়া হয়েছে।

12) নিচের কোন বাক্যটি শুদ্ধ?

✔ 1)
তিনি সস্ত্রীক শহরে থাকেন।

2)
তিনি ও স্ত্রী শহরে থাকেন।

3)
তিনি স্ব-স্ত্রীসহ শহরে থাকেন।

4)
তিনি স্বস্ত্রীক শহরে থাকেন।

ব্যাখ্যা : শুদ্ধ বাক্যটি হলঃতিনি সস্ত্রীক শহরে থাকেন ।

13) রাশি রাশি ভারা ভারা ধান কাটা হলো সারা'-এখানে 'বাশি রাশি–?

1)
অনুকার অব্যয়

Hello BCS

2)
সমষ্টিবাচক বিশেষ্য

✔ 3)
নির্ধারক বিশেষণ

4)
সাপেক্ষ সর্বনাম

ব্যাখ্যা : রাশি রাশি ভারা ভারা ধান কাটা হলো সারা - - এটি রবীন্দ্রনাথ ঠাকুরের একটি বিখ্যাত কবিতা সোনার তরী কবিতার অন্তর্ভুক্ত। এখানে রাশি রাশি - একটি নির্দিষ্ট নির্ধারক বিশেষণ হিসেবে ব্যবহৃত হয়েছে।

14) হরপ্রসাদ শাস্ত্রী প্রথম কোথা থেকে চর্যাপদ আবিষ্কার করেন?

1)
ভারতের রাজদরবার

✔ 2)
নেপালের রাজদরবার

3)
শ্রীলংকার রাজদরবার

4)
চীনের রাজদরবার

ব্যাখ্যা : বাংলা সাহিত্যের পাচীন যুগের একমাত্র নিদর্শন ‘চর্যাপদ'। ‘চর্যাপদ’ হলো গানের সংকলন । মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজগ্রন্থশালা তথা নেপালের রয়েল লাইব্রেরি থেকে ১৯০৭ খ্রিস্টাব্দে ‘চর্যাপদ’ আবিস্কার করেন।

15) অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে'-এখানে 'ছায়া' বলতে কী বোঝানো হয়েছে?

1)
গাছের ছায়া

2)
জন্মভূমির প্রকৃতি

✔ 3)
জন্মভূমির আশ্রয়

4)
মায়ের কোল

Hello BCS

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের গভীর দেশপ্রেমমূলখ 'জন্মভূমি' কবিতার 'অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে' পঙক্তির 'ছায়া' বলতে নিজ জন্মভূমিতে আশ্রয় পাওয়ার কথা বোঝাতে চেয়েছেন।

16) মাথা খাও পত্র দিতে ভুলো না।"-এখানে " মাথা খাওয়ার" অর্থ কী?

✔ 1)
দিব্যি দেওয়া

2)
আস্কারা দেওয়া

3)
জ্ঞান দেয়া

4)
অঙ্গ বিশেষ

ব্যাখ্যা : বাংলা ভাষায় এমন কতকগুলো বিশেষ্য, বিশেষণ ও ক্রিয়াপদ আছে যেগুলো ভিন্ন ভিন্ন অর্থে বাক্যে ব্যবহৃত হয়। এসব শব্দের প্রত্যেকটি নিজস্ব আভিধানিক অর্থের অতিরিক্ত একাধিক বিশিষ্ট অর্থে ব্যবহৃত হয়ে বাক্যের সৌন্দর্য্য বৃদ্ধি করে। যেমন : 'মাথা খাও, চিঠি দিতে ভুলো না' - এখানে 'মাথা খাও' দিব্যি দেওয়া অর্থে ব্যবহৃত হয়েছে।

Hello BCS

17) "পৃথিবীতে কে কাহার"--এই বাক্যে 'পৃথিবীতে' পদটি কোন কারকে কোন বিভক্তি?

1)
আপানান কারকে ৭মী বিভক্তি

2)
কর্মকারকে ৭মী বিভক্তি

3)
কর্মকারকে ৭মী বিভক্তি

✔ 4)
অধিকরণ কারকে ৭মী বিভক্তি

ব্যাখ্যা : ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। অধিকরণ কারকে সাধারণত সপ্তমী অর্থাৎ এ, য়, তে ইত্যাদি বিভক্তি যুক্ত হয়।
যেমন - বাড়িতে কেউ নেই। (আধারাধিকরণ)
বসন্তে কোকিল ডাকে। (কালাধিকরণ) সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়। (ভাবাধিকরণ)

18) সাধুরীতি ও চলিতরীতির পার্থক্য কোন পদে বেশি?

1)
ক্রিয়া ও অব্যয়

2)
অব্যয় ও ক্রিয়া

3)
সর্বনাম ও বিশেষ্য

✔ 4)
ক্রিয়া ও সর্বনাম

ব্যাখ্যা : সাধু ও চলিত রীতির পার্থক্য সর্বনাম ও ক্রিয়া পদে বেশি পরিলক্ষিত হয় ।

19) সাধু ভাষায় কোন শব্দের প্রাধান্য বেশি?

1)
দেশি

2)
তদ্ভব

✔ 3)
তৎসম

4)
বিদেশি

ব্যাখ্যা : সংস্কৃত ভাষা থেকে উৎপন্ন ভাষাকে সাধু ভাষা হিসেবে অভিহিত কর হয়। এ ভাষায় তৎসম বা সংস্কৃত শব্দের প্রাধান্য বেশি। উনিশ শতকের শুরুতে সাধু রীতির বিকাশ ব্যাপক প্রচলন ছিল। রাজা রামমোহন রায় প্রথম সাধু ভাষার প্রয়োগ করেন।

20) ব্যাকরণ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কী?

✔ 1)
বিশেষভাবে বিশ্লেষণ

2)
সাধারণ সংশ্লেষণ

3)

Hello BCS

বিশেষভাবে সংযোজন

4)
সাধারণ বিশ্লেষণ

ব্যাখ্যা : সংস্কৃত ব্যাকরণ = বি + আ + ✓কৃ + অন শব্দটির বুৎপত্তিগত অর্থ বিশেষভাবে বিশ্লেষণ। ভাষা ব্যবহারের জন্য সুনির্দিষ্ট কিছু নিয়ম হচ্ছে ব্যাকরণ। এককথায় ব্যাকরণ হচ্ছে ভাষার সংবিধান।

21) The minister told his official to _______ a press conference.

1)
announce

✔ 2)
arrange

3)
prepare

4)
speak

ব্যাখ্যা :

The minister told his official to arrange a press conference. (মন্ত্রী তার কর্মকর্তাকে একটি সংবাদ সম্মেলন আয়োজন করতে বললেন।)

Hello BCS

22) A State where all religions are respected -

1)
Good state

✔ 2)
Secular

3)
Holy country

4)
Reactor

ব্যাখ্যা :

A State where all religions are respected - Secular.

23) A remedy for all diseases -

1)
all cure

2)
panorama

3)
polyglot

✔ 4)
panacea

ব্যাখ্যা :

A remedy for all diseases - Panacea (সর্বরোগনিরোধক ওষুধ)

24) 'BMI' পূর্ণরূপ কি?

1)
Ballistic Missile lnltiativ

2)
Best Medicine of Integration

3)
Bill Measurement Index

✔ 4)
Body Mass Index

ব্যাখ্যা :

BMI এর পূর্ণরূপ হল “Body Mass Index”, BMI কে বাংলায় “দেহ ভর উচ্চতা” বলা হয়। BMI হল একটি গণনাকৃত সংখ্যা, যা একজন ব্যক্তির চর্বি বা স্থূলতার মাত্রাকে প্রতিনিধিত্ব করে।

25) A sentence is a group of words that expresses a complete ___________.

1)
paragraph

Hello BCS

2)
predicate

3)
Fragment

✔ 4)
thought

ব্যাখ্যা :

A sentence is a group of words that expresses a complete thought. (বাক্য হলো কতগুলো শব্দের সমষ্টি যা কোন নির্দিষ্ট মনোভাব প্রকাশ করে।)

26) "Brain Child" means -

1)
special child

2)
intelligent person

✔ 3)
a person's idea

4)
autistic child

Hello BCS

ব্যাখ্যা :

"Brain Child" means - a person's idea

"Brain child" is an idiomatic expression that refers to an idea, invention, or project that has been conceived or developed by an individual or group of individuals. The term "brain child" implies that the idea or project is the result of careful thought and planning, and is often used to describe something that is innovative, creative, or groundbreaking.

27) He was brought to the police station for ___________.

✔ 1)
judgement

2)
questioning

3)
confinement

4)
punishment

ব্যাখ্যা :

He was brought to the police station for judgement. (বিচারের জন্য তাকে থানায় আনা হয়েছে।)

28) সকালে পাখিরা কিচিরমিচির করে। ইংরেজিতে -

1)
Birds shout at dawn.

2)
Birds cry at dawn.

3)
Birds sing at dawn.

✔ 4)
Birds twitter at dawn.

Hello BCS

ব্যাখ্যা :

সকালে পাখিরা কিচিরমিচির করে। ইংরেজিতে - Birds twitter at dawn.

29) What does CV stand for?

1)
Curriculam Vitae

2)
Curriculum Vitea

✔ 3)
Curriculum Vitae

4)

Current Value

ব্যাখ্যা :

CV stand for - Curriculum Vitae (জীবন বৃত্তান্ত)

CV stands for "curriculum vitae," which is a Latin term that translates to "course of life." In modern usage, a CV refers to a detailed document that outlines an individual's educational background, work experience, skills, and other qualifications. A CV is typically used when applying for academic positions, research opportunities, or professional positions in fields such as medicine, law, or engineering. It is usually more detailed and comprehensive than a typical resume, and can be several pages in length.

30) Man did not know that the earth moves round the sun until it was ________.

1) demonstrated

✔ 2) discovered

3) experimented

4) invented

ব্যাখ্যা :

Man did not know that the earth moves round the sun until it was discovered. (আবিষ্কারের পূর্বে মানুষ জানত না যে পৃথিবী সূর্যের চারদিকে ঘোরে।)

31) Which of the Following is in plural form?

1) analysis

✔ 2) media

3)

Hello BCS

datum

4)
radius

ব্যাখ্যা :

- Singular — Plural
- analysis — analyses
- media — media
- datum — data
- radius — radii / radiuses

32) What is the meaning of the word 'Vice Versa'?

1)
For example

2)
Face to face

3)
Namely

✔ 4)
The terms being exchanged

Hello BCS

ব্যাখ্যা :

Vice Versa (তদ্বিপরীত) - The terms being exchanged.

33) A Lot of news in those papers ______ unreliable.

✔ 1)
is

2)
were

3)
being

4)

are

ব্যাখ্যা :

'News' হলো Singular Noun. তাই সঠিক বাক্য হবে - 'A Lot of news in those papers is unreliable.'

34) 'Syntax' means -

1) Supplementary text

2) Synchronizing act

3) Manner of speech

✔ 4) Sentence building

ব্যাখ্যা :

'Syntax' means - Sentence building (বাক্য গঠন)

35) Can you tell me where _________.

1) lives Rahim

2) does Rahim live

✔ 3) Rahim lives

4) Rahim does live

ব্যাখ্যা :

কোনো বাক্য বা প্রশ্নের ভেতরে অন্য একটি প্রশ্ন অন্তর্ভুক্ত থাকলে তাকে Embedded Question বলে। এই Embedded Question এর Structure সাধারণত Question এর মত 'Auxiliary Verb + Sub

Hello BCS

+ Main Verb + Extension' না হয়ে Assertive structure এ হয়। তাছাড়া Complex Sentence এর ক্ষেত্রে Subordinate Clause টি কখনোই Interrogative হতে পারে না।

36) A stage of short sightedness ________.

✔ 1)
Myopia

2)
Autopsy

3)
Maternity

4)
Abortion

ব্যাখ্যা :

A stage of short sightedness - Myopia.

Myopia, also known as nearsightedness, is a common vision condition in which a person can see objects nearby clearly, but objects farther away appear blurry. This occurs when the shape of the eye causes light to focus in front of the retina instead of on the retina, which is the part of the eye that senses light and sends signals to the brain. Myopia can be caused by a variety of factors, including genetics, environmental factors such as reading or using digital devices for extended periods of time, and certain medical conditions. It can often be corrected with eyeglasses, contact lenses, or refractive surgery. If left uncorrected, myopia can lead to eye strain, headaches, and difficulty performing tasks such as driving or reading.

Hello BCS

37) I need to install an ________ fan in the kitchen.

✔ 1)
exhaust

2)
exsost

3)
egzost

4)
adjust

ব্যাখ্যা :

I need to install an exhaust fan in the kitchen. (আমার রান্নাঘরে একটি নিষ্কাশন পাখা লাগানো দরকার।)

38) The Word 'Decade' Means -

1)
rotten objects

2)
decaying old age

3)
a group of ten people

✔ 4)
a period of ten years

ব্যাখ্যা :

Decade: a period of ten years (এক দশক)

The word 'decade' refers to a period of ten years. It is derived from the Greek word "deka," which means "ten." A decade can refer to any period of ten years, and is often used to describe historical, cultural, or social events that occurred during a specific ten-year period. For example, the 1920s are often referred to as the "Roaring Twenties," and the 1960s are known for the social and political changes that took place during that decade. In addition, the term "decade" is commonly used in business and finance to refer to periods of time in which certain financial goals or targets are set and tracked.

Hello BCS

39) To everyone's surprise he got ____________ the examination.

✔ 1)
through

2)
failed

3)
over

4)
passed

ব্যাখ্যা :

To everyone's surprise he got through the examination. (সবাইকে অবাক করে দিয়ে সে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে।)

40) 'Oncology' relates to _______.

1)
law

✔ 2)
medicine

3)
ecology

4)
environment

Hello BCS

ব্যাখ্যা :

Oncology (the study of cancer) - is related to medicine.

Oncology is a branch of medicine that deals with the prevention, diagnosis, and treatment of cancer. Oncologists are medical professionals who specialize in the study and treatment of cancer, and they work closely with other healthcare providers, such as surgeons, radiation therapists, and nurses, to provide comprehensive care to cancer patients. Oncology encompasses a wide range of medical disciplines, including medical oncology, surgical oncology, and radiation oncology, as well as sub-specialties such as pediatric oncology and gynecologic oncology. The field of oncology is constantly evolving as new discoveries are made in cancer research and new treatments become available.

41) 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের লেখক কে?

1)

সৈয়দ শামসুল হক

2)
রফিক আজাদ

3)
শেখ হাসিনা

✔ 4)
শেখ মুজিবুর রহমান

ব্যাখ্যা :

অসমাপ্ত আত্মজীবনী শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী সংকলন। বাংলা একাডেমির সাবেক মহাপরিচালক শামসুজ্জামান খানের সম্পাদনায় গ্রন্থাকারে অসমাপ্ত আত্মজীবনী নামে ২০১২ সালের জুনে প্রকাশ করা হয়।

ইংরেজি ভাষায় গ্রন্থটির অনুবাদক ড. ফকরুল আলম। ২০১২ সালের ১৮ই জুন বাংলা সংস্করণের সাথে এটিও প্রকাশিত হয়। বাংলাদেশে ইংরেজি ও বাংলা দুই সংস্করণই 'দি ইউনিভার্সিটি প্রেস লিমিটেড' থেকে প্রকাশিত হয়েছে। ইংরেজি অনুবাদে শিরোনাম দেওয়া হয়েছে The Unfinished Memoirs ।

42) বাংলাদেশের সর্বশেষ আদমশুমারি হয় কত সালে?

1)
২০১৪

2)
২০১৫

3)
২০০৮

✔ 4)
২০১১

ব্যাখ্যা :

বাংলাদেশে সর্বশেষ আদশুমারি ২০১১ সালের ১৫ থেকে ১৯ মার্চ অনুষ্ঠিত হয়েছে। সর্বশেষ শুমারি অনুযায়ী বাংলাদেশে মোট জনসংখ্যা ছিল ১৪ কোটি ৯৭ লাখ ৭২ হাজার ৩৬৪ জন।

43) বৈসাবি' কোন অঞ্চলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উৎসব?

✔ 1)

Hello BCS

পার্বত্য চট্টগ্রাম

2)
সিলেট

3)
ময়মনসিংহ

4)
রংপুর

ব্যাখ্যা :

পার্বত্য চট্টগ্রামের পাহাড়িদের ঐতিহ্যবাহী উৎসব হচ্ছে বৈসাবি উৎসব, যাকে বাংলায় চৈত্র সংক্রান্তি হিসেবে ধরা হয়। ১৯৮৫ সাল থেকে খাগড়াছড়িসহ পার্বত্য চট্টগ্রামে বসবাসরত চাকমা, মারমা ও ত্রিপুরা সম্প্রদায়ের বিভিন্ন সংগঠনের সম্মিলিত উদ্যোগে 'বৈসাবি' নামে এ উৎসব পালিত হয়ে আসছে। সময়ের ব্যবধানে নিজ নিজ সম্প্রদায়ের কাছে 'বৈসাবি' পরিণত হয়েছে প্রাণের উৎসবে।

44) নাটোরের দিঘাপতিয়া জমিদার বাড়িটি এখন কি নামে পরিচিত?

1)
উত্তরবঙ্গ সংসদ ভবন

2)
গণভবন

3)
বঙ্গভবন

✔ 4)
উত্তরা গণভবন

ব্যাখ্যা :

নাটোরের দিঘাপতিয়া রাজপ্রাসাদটি প্রাচীন স্থাপত্যকলার দৃষ্টিনন্দন এক নিদর্শন। প্রায় ৩০০ বছরের প্রাচীন ইতিহাস আর ঐতিহ্যের সৌন্দর্যমণ্ডিত এ রাজবাড়ীটি কালের বিবর্তনের সাক্ষী হয়ে পরবর্তীতে উত্তরা গণভবন নাম নিয়ে দেশব্যাপী পরিচিতি লাভ করেছে।

45) বাংলাদেশ প্রেক্ষিত পরিকল্পনার মেয়াদ–

1)
২০২১–২০২৫

Hello BCS

2)
২০২৫–২০৩০

✔ 3)
২০২১–২০৪১

4)
২০২০–২০২৫

ব্যাখ্যা :

বাংলাদেশকে উচ্চ আয়ের উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে দেশের দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) নতুন প্রেক্ষিত পরিকল্পনা-২০৪১–এ এই লক্ষ্য ঠিক করেছে সরকার। ২০৪১ সালে দারিদ্র্যমুক্ত হবে বাংলাদেশ।

46) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কত সালে প্রত্যেক শিক্ষার্থীর হাতে বিনামূল্যে পাঠ্যপুস্তক তুলে দেওয়ার নির্দেশ প্রদান করেন?

1)
২০১০

2)
২০১১

✔ 3)
২০০৯

4)
২০১২

ব্যাখ্যা :

মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনা দেন ২০০৯ সালে। বিনামূল্যে পাঠ্যবই তুলে দেওয়া হয় ১ জানুয়ারি, ২০১০ সালে।

47) বঙ্গবন্ধুকে 'রাজনীতির নান্দনিক' শিল্পী বলেছেন ____

✔ 1)
শেখ হাসিনা

2)
মাওলানা ভাসানী

3)
তাজউদ্দিন আহমেদ

Hello BCS

4)
হোসেন শহীদ সোহরাওয়ার্দী

ব্যাখ্যা :

বঙ্গবন্ধুকে 'রাজনীতির নান্দনিক' শিল্পী বলেছেন শেখ হাসিনা।

48) শিক্ষার্থীর সার্বিক বিকাশে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকের জন্য নীচের কোন গুচ্ছটি সর্বাধিক গুরুত্বপূর্ণ?

✔ 1)
পেশাগত জ্ঞান, দক্ষতা ও অনুশীলন

2)
উদ্ভাবন ও বিজ্ঞান

3)
ব্যবস্থাপনা ও উন্নয়ন

4)
তথ্য যোগাযোগ ও প্রযুক্তি

ব্যাখ্যা :

শিশুর নৈতিকতা ও মূল্যবোধের বীজ প্রোথিত হয় পরিবারে ; তা বিকশিত হয় শিক্ষাপ্রতিষ্ঠানে আর তার চর্চা হয় সমাজে।

তাই সার্বিক নৈতিকতা ও মূল্যবোধ শিক্ষা প্রক্রিয়ায় পরিবার, সমাজ, শিক্ষাপ্রতিষ্ঠান ও রাষ্ট্র প্রত্যেকেই গুরুত্বপূর্ণ অংশীদার।

শিক্ষার্থীর সার্বিক বিকাশে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকের জন্য পেশাগত জ্ঞান, দক্ষতা ও অনুশীলন সর্বাধিক গুরুত্বপূর্ণ।

Hello BCS

49) ২০৩১ সালে বাংলাদেশ ও ভারতের কততম ওয়ানডে বিশ্বকাপ ক্রিকেট অনুষ্ঠিত হবে?

✔ 1)
১৫

2)
১৬

3)
১৩

4)
১৪

ব্যাখ্যা :

ভারতের সঙ্গে যৌথভাবে ২০৩১ সালের ১৫তম ওয়ানডে বিশ্বকাপ আয়োজন করবে বাংলাদেশ।

50) কাগজবিহীন প্রতিষ্ঠান কোনটি?

1)
কাস্টমার কেয়ার

2)
ব্যাংক

✔ 3)
ই-অফিস

4)
কল সেন্টার

ব্যাখ্যা :

কাগজবিহীন প্রতিষ্ঠান ই-অফিস।

কাগজবিহীন ভর্তি প্রক্রিয়া সর্বপ্রথম শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শুরু করে।

51) উইকিপিডিয়া কী?

1)
ডাটাবেইজ

✔ 2)
মুক্ত বিশ্বকোষ

3)
স্মার্ট ফোন

4)
উন্মুক্ত সফটওয়্যার

ব্যাখ্যা :

Hello BCS

উইকিপিডিয়া একটি সম্মিলিতভাবে সম্পাদিত, বহুভাষিক, মুক্ত প্রবেশাধিকার, মুক্ত কন্টেন্ট সংযুক্ত একটি ইন্টারনেট বিশ্বকোষ, যা অলাভজনক।

52) সম্প্রতি 'গোল্ডন জুবিলি বাংলাদেশ কনসার্ট' কোথায় অনুষ্ঠিত হয়েছে?

1) দুবাই

2) প্যারিস

✔ 3) নিউইয়র্ক

4) ফ্লোরিডা

ব্যাখ্যা :

৬ মে স্থানীয় সময় অনুযায়ী (বাংলাদেশ সময় অনুযায়ী ৭ মে শনিবার সকালে) ‘লেট দ্য মিউজিক স্পিক’ প্রতিপাদ্যে যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কের ম্যাডিসন স্কোয়ার গার্ডেনে অনুষ্ঠিত হলো ‘গোল্ডেন জুবিলি বাংলাদেশ কনসার্ট’।

মহান স্বাধীনতার ৫০ বছর পূর্তি ও মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে এই কনসার্টের আয়োজন করে বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগের অধীন হাই-টেক পার্ক কর্তৃপক্ষ। এতে সংগীত পরিবেশন করে বিশ্ববিখ্যাত জার্মান ব্যান্ড দল ‘স্করপিয়নস’ এবং বাংলাদেশের ‘চিরকুট’। কনসার্টের সহযোগী ছিলো বাংলাদেশি ইলেকট্রনিক্স ও টেক জায়ান্ট ওয়ালটন।

মুক্তিযুদ্ধের সমর্থনে একাত্তরের ‘দ্য কনসার্ট ফর বাংলাদেশ’ স্মরণে ম্যাডিসন স্কোয়ারের একই স্থানে ‘গোল্ডেন জুবিলি বাংলাদেশ কনসার্ট’ আয়োজন করা হয়। কনসার্ট থেকে প্রাপ্ত অর্থ গরীব দেশগুলোর শিশুদের সাইবার নিরাপত্তায় সহায়তা তহবিল গঠনে ব্যয় হবে।

53) শিশুর সহায়তায় হটলাইন নম্বরটি কত?

1) ৯৯৯

2) ৩৩৩১

3) ১০৯০

Hello BCS

✔ 4)
১০৯৮

ব্যাখ্যা :

চাইল্ড হেল্প লাইন :
সুবিধাবঞ্চিত নির্যাতিত ও বিপদাপন্ন শিশুদের ২৪ ঘণ্টা জরুরি সহায়তা সেবা দিতে ২০১১ সালে যাত্রা শুরু করে চাইল্ড হেল্পলাইন ১০৯৮।

54) ন্যাটোতে যোগ দেওয়া ইস্যুতে রাশিয়া সম্প্রতি কোন দেশে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দিয়েছে?

✔ 1)
Finland

2)
Denmark

3)
Poland

4)
Sweden

ব্যাখ্যা :

ফিনল্যান্ড ন্যাটোতে যোগ দেওয়া ইস্যুতে রাশিয়া সম্প্রতি বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দিয়েছে।

55) শ্রীলংকার বর্তমান প্রধানমন্ত্রীর নাম কী?

✔ 1)
রনিল বিক্রমাসিংহে

2)
গোতাবায়া রাজাপক্ষে

3)
মাহিন্দা রাজাপক্ষে

4)
সাজিথ প্রোমাদাসা

ব্যাখ্যা :

Hello BCS

শ্রীলংকার বর্তমান প্রধানমন্ত্রীর নাম রনিল বিক্রমাসিংহে। বিক্রমাসিংহে মাহিন্দা রাজাপাকসের পদত্যাগের পর ২২৫ সদস্যের শ্রীলংকান সংসদে ক্রস-পার্টি সমর্থন নিয়ে একটি ‘ঐক্য’ সরকারের প্রধান হয়েছেন।

৭৩ বছর বয়সী বিক্রিমাসিংহে ১৯৯৩ সাল থেকে শ্রীংলংকার পাঁচবারের প্রধানমন্ত্রী ছিলেন। তাকে পশ্চিমপন্থী মুক্তবাজার সংস্কারবাদী হিসাবে দেখা হয়।

56) নিচের কোনটি 'সুনীল অর্থনীতি'র সাথে সম্পর্কিত?

1) খনিজ সম্পদ

2) মৎস্য সম্পদ

✔ 3) সমুদ্র সম্পদ

4) বনজ সম্পদ

ব্যাখ্যা :

বর্তমান বিশ্বে ব্লু ইকোনমি বা নীল অর্থনীতি বা সমুদ্র অর্থনীতিকে সম্ভাবনাময় বিকল্প অর্থনীতি হিসেবে বিবেচনা করা হয়।

ব্লু ইকোনমি এর আধুনিক সংজ্ঞায় বলা হয়েছে, সমুদ্রে যে পানি আছে এবং এর তলদেশে যে পরিমাণ সম্পদ রয়েছে, সেসব সম্পদ যদি আমরা টেকসই উন্নয়নের জন্য ব্যবহার করি তবে তাকে ব্লু ইকোনমি বা নীল অর্থনীতি বলে।

মোট কথা ব্লু ইকোনমি বলতে সমুদ্রনির্ভর অর্থনীতি কে বোঝায়। ব্লু ইকোনমি বা সুনীল অর্থনীতির ক্ষেত্রে বাংলাদেশ অত্যন্ত সম্ভাবনাময় একটি দেশ।

57) নিচের কোনটি ঋণাত্মক কাজের উদাহরণ?

1) সমতল পথে হাঁটা

2) গাছ থেকে নিচে নামা

3) একটি দেয়ালকে ধাক্কা দেওয়া

Hello BCS

✔ 4)
সিঁড়ি দিয়ে ওপরে ওঠা

ব্যাখ্যা : বল প্রয়োগ করার ফলে যদি বস্তু বলের বিপরীত দিকে সরে যায় বা বলের দিকে সরণের ঋণাত্মক উপাংশ থাকে, তাহলে তাকে বলের বিরুদ্ধে কাজ বলে। বলের বিরুদ্ধে কাজ ঋণাত্মক । পাহাড় বা সিড়ি দিয়ে উপরে উঠার সময় ঋণাত্মক কাজ হয়।

58) কোন দেশ কত উন্নত, তা বোঝা যায় কোনটি বিবেচনা করে?

1)
দেশের আয়তন

2)
মাথাপিছু বিদ্যুৎশক্তির ব্যবহার

✔ 3)
দেশের প্রাকৃতিক সম্পদ

4)
দেশের ভৌগোলিক অবস্থান

ব্যাখ্যা : কোন দেশ কত উন্নত, তা বোঝা যায় দেশের প্রাকৃতিক সম্পদ দিয়ে ।

Hello BCS

59) SMS এর পূর্ণরূপ কী?

1)
Short Multimedia Service

2)
Short Message Server

3)
Short Message System

✔ 4)
Short Message Service

ব্যাখ্যা :

SMS এর পূর্ণরূপ হলো Short Message Service।

SMS : এসএমএস সাধারণত একটি "টেক্সট বার্তা" হিসাবে উল্লেখ করা হয়। একটি এসএমএস এর মাধ্যমে আপনি অন্য ডিভাইসে 160 টি অক্ষর পর্যন্ত একটি বার্তা পাঠাতে পারেন।
দীর্ঘ মেসেজগুলো স্বয়ংক্রিয়ভাবে বেশ কয়েকটি ভাগে বিভক্ত হয়ে প্রেরিত হয় । অধিকাংশ সেল ফোন এই ধরনের টেক্সট মেসেজিং সমর্থন করে।

60) একটি ৫০ মিটার লম্বা মই একটি খাড়া দেয়ালের সাথে হেলান দিয়ে রাখা হয়েছে। মইয়ের এক প্রান্ত মাটি থেকে ৪০ মিটার উচ্চতায় দেয়ালকে স্পর্শ করে। মইয়ের অপর প্রান্ত হতে দেয়ালের দূরত্ব কত মিটার?

1) ২০

2) ২৫

✔ 3) ৩০

4) ১০

ব্যাখ্যা :

এখান, পিথাগোরাস এর সূত্রানুসারে,

AC = অতিভুজ = ৫০ মিটার

AB = লম্ব = ৪০ মিটার

BC = ভূমি = ?

আমরা জানি, $AC^2 = AB^2 + BC^2$

বা, $BC^2 = AC^2 - AB^2$

= $(৫০)^২ - (৪০)^২$

অতএব, BC = ৩০ মিটার (উত্তর)

Hello BCS

61) দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার অঙ্কদ্বয় স্থান পরিবর্তন করলে সংখ্যাটি পূর্বাপেক্ষা ৬৩ বৃদ্ধি পায়। সংখ্যাটির অঙ্কদ্বয়ের পার্থক্য কত?

1) ৫

2) ৬

✔ 3)
৭

4)
৪

ব্যাখ্যা : ধরি,
এককের অঙ্ক = x
এবং দশকের অঙ্ক = y
∴ সংখ্যাটি = 10y + x
শর্তমতে,
10x + y = 10y + x + 63
⇒ x - y = 63/9
∴ x - y = 7

62) ৯ কোটি সমান কত?

1)
৯ বিলিয়ন

2)
৯ মিলিয়ন

✔ 3)
৯০ মিলিয়ন

4)
৯০ বিলিয়ন

ব্যাখ্যা :

৯ কোটি = ৯০০০০০০০

আমরা জানি
১ কোটি = ১০ মিলিয়ন।
∴ ৯ কোটি = ৯ × ১০ = ৯০ মিলিয়ন।

63) পিতা ও পুত্রের বয়সের গড় ৩০ বছর। ৬ বছর পরে তাদের বয়সের অনুপাত ৫ : ১ হলে, পুত্রের বর্তমান বয়স কত বছর?

1)

Hello BCS

৮

2)
৯

3)
৫

✔ 4)
৬

ব্যাখ্যা : পিতা ও পুত্রের মোট বয়স = ৩০ × ২ = ৬০ বছর
ধরি,
৬ বছর পর পিতা ও পুত্রের বয়স যেথা ৫x ও x বছর।
প্রশ্নমতে,
৫× - ৬ + × - ৬ = ৬০
⇒ ৬× = ৬০ + ১২
⇒ ৬× = ৭২
∴ × = ১২
পুত্রের বর্তমান বয়স = × - ৬
= ১২ - ৬
= ৬ বছর।

Hello BCS

64) ফলের দোকান থেকে ১৮০ কেজি ফজলি আম কিনে আনা হলো। দুই দিন পর ৯টি আম পচে গেল। শতকরা কতটি আম ভাল আছে?

1)
৯০

2)
৮০

3)
৮৫

✔ 4)
৯৫

ব্যাখ্যা :

১৮০ টি আমের মধ্যে ভাল আছে (১৮০-৯) = ১৭১টি।

১০০টি “ “ “ “ (১৭১ × ১০০)/১৮০ = ৯৫টি আম।

65) একটি তেলপূর্ণ পাত্রের ওজন ৩২ কেজি এবং অর্ধেক তেলপূর্ণ পাত্রের ওজন ২০ কেজি। পাত্রটির ওজন কত কেজি?

✔ 1)
৮

2)
১০

3)
১২

4)
৬

ব্যাখ্যা :

৩২ - ২০ = ১২
১২ × ২ = ২৪
৩২ - ২৪ = ৮

Hello BCS

66) একটি কলমের মূল্য একটি বইয়ের মূল্য অপেক্ষা ৭ টাকা কম এবং উক্ত বই ও কলমের মোট ক্রয়মূল্য ৪৩ টাকা হলে বইয়ের মূল্য কত?

1)
২৯

✔ 2)
২৫

3)
২৭

4)
২৮

ব্যাখ্যা : বই = কলম + ৭
কলম + বই = ৪৩
বা, কলম + কলম + ৭ = ৪৩
বা, ২ কলম = ৪৩ - ৭

বা, কলম = ৩৬ / ২
∴ কলম = ১৮
∴ বইয়ের মূল্য = ১৮ + ৭ = ২৫।

67) ৮০ ফুট দীর্ঘ এবং ৭০ ফুট প্রস্থ একটি বাগানের বাইরের চারদিকে ৫ ফুট প্রস্থ একটি রাস্ত আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত বর্গফুট?

1) ১৪০০

2) ১২০০

✔ 3) ১৬০০

4) ১৫০০

ব্যাখ্যা :

দেওয়া আছে,
রাস্তাবাদে বাগানের দৈর্ঘ্য ৮০ ফুট
এবং " " প্রস্থ ৭০ ফুট

Hello BCS

∴ রাস্তাবাদে বাগানের ক্ষেত্রফল = (৮০ × ৭০) বর্গফুট
=৫৬০০ বর্গফুট।

আবার, রাস্তাসহ বাগানের দৈর্ঘ্য={৮০+(৫ × ২)} ফুট
= (৮০ + ১০) বা ৯০ ফুট।

এবং রাস্তাসহ বাগানের প্রস্থ= ৭০+(৫ × ২) ফুট
= (৭০+১০) ফুট =৮০ ফুট

∴ রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = (৯০ × ৮০) বর্গফুট = ৭২০০ বর্গফুট

∴ রাস্তার ক্ষেত্রফল= (৭২০০-৫৬০০)বর্গফুট = ১৬০০ বর্গফুট।

68) ১৫ সে.মি. ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের একটি জ্যা ২৪ সে.মি.হলে কেন্দ্র থেকে উক্ত জ্যা-এর সর্বনিম্ন দূরত্ব কত সে.মি?

1)
১২

2)
৮

✔ 3)
৯

4)
১০

ব্যাখ্যা :
$$\sqrt{(13)^2 - (12)^2}$$
$$= \sqrt{225 - 144}$$
$$= \sqrt{81}$$
$$= 9$$

69) একটি স্কুলে ছাত্রদের ড্রিল করবার সময় ৮, ১০ এবং ১২ সারিতে সাজানো যায়। আবার বর্গাকারেও সাজানো যায়। ঐ স্কুলে কমপক্ষে কতজন ছাত্র আছে?

1)
৩০০০

✔ 2)
৩৬০০

3)
২৪০০

4)
১২০০

ব্যাখ্যা : এখানে, ৮, ১০, ১২ এর ল, সা, গু করলে হয় = ২ × ২ × ২ × ৫ × ৩ = ১২০
১২০ জন ছাত্রকে ৮, ১০, ১২ সারিতে সাজানো যায় কিন্তু বর্গাকারে সাজানো যায় না।
বর্গাকারে সাজানো যাবে = ১২০ × ২ × ৫ × ৩ = ৩৬০০ জন ছাত্রকে।

Hello BCS

70) একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা ৪ মিটার বেশি। ঘরটির পরিসীমা ৩২ মিটার হলে ঘরটির দৈর্ঘ্য কত হবে?

1)
৬

✔ 2)
১০

3)
১২

4)
১৮

ব্যাখ্যা : ধরি,
প্রস্থ x মিটার
.'. দৈর্ঘ্য = x+৪ মিটার
পরিসীমা = ২(x +x+৪) =৪x + ৮ মিটার ।

প্রশ্নমতে,
৪x + ৮ = ৩২
⇒ ৪x = ২৪
.'. x = ৬ .
'. দৈর্ঘ্য = ৬+৪ =১০ মিটার।

Hello BCS

71) ১৯৭ এর সাথে কত যোগ করলে সংখ্যাটি ৯, ১৫ এবং ২৫ দ্বারা নিঃশেষ বিভাজ্য হবে?

1)
২৭

✔ 2)
২৮

3)
২৯

4)
২৫

ব্যাখ্যা :

৯, ১৫, ২৫ এর ল.সা.গু = ২২৫
১৯৭ এর সাথে যোগ করতে হবে = ২২৫ – ১৯৭ = ২৮

72) যদি a + b + c = 0 হয়, তবে $a^3 + b^3 + c^3$ এর মান কত?

1)
1

✔ 2)
3abc

3)
abc

4)
0

ব্যাখ্যা :

দেওয়া আছে,
a+b+c = 0
⇒ a+b=-c
⇒ $(a+b)^3=-c^3$
⇒ $a^3+b^3+3ab(a+b)=-c^3$
⇒ $a^3+b^3-3abc=-c^3$
∴ $a^3+b^3+c^3=3abc$

Hello BCS

73) শিক্ষা সফরে যাওয়ার জন্য ২৪০০ টাকায় বাস ভাড়া করা হলো এবং প্রত্যেক ছাত্র সমান ভাড়া বহন করবে ঠিক করা হলো। অতিরিক্ত ১০ জন ছাত্র যাওয়ায় প্রতি জনে ভাড়া ৮ টাকা কমে গেল। বাসে কতজন ছাত্র গিয়েছিল?

1)
৫০

✔ 2)
৬০

3)
৪০

4)
৪৮

ব্যাখ্যা :

ধরি,
প্রথমে ছাত্রছাত্রীর সংখ্যা ছিল =x.
'. মাথাপিছু ভাড়া =২৪০০x
১০ জন বেশি যাওয়ায় সংখ্যা হলো = x +১০
.'. মাথাপিছু ভাড়া=২৪০০x

প্রশ্নানুসারে ,
২৪০০x ২৪০০x+১০=৮
⇒ ৩০০x-৩০০x+১০=১
⇒ ৩০০x +৩০০০ -৩০০xx(x+১০)=১
⇒ x2 +১০x -৩০০০=০
⇒ x2+৬০x -৫০x -৩০০০=০
⇒ x(x+৬০) -৫০(x+৬০) =০
⇒ (x+৬০)(x-৫০)=০
⇒x=৫০
.'. ছাত্রছাত্রী গিয়েছিল = (৫০ +১০) ৬০ জন।

74) প্রকৃত গতি প্রতি ৬০ মিনিটে ৭ কি.মি. এরূপ নৌকার নদীর স্রোতের অনুকূলে ৩৩ কি.মি. পথ যেতে ১৮০ মিনিট সময় লেগেছে। ফিরে আসার সময় তার কত ঘণ্টা (hour) লেগেছে?

1)
১২

2)
১৩

3)
১৪

✔ 4)
১১

Hello BCS

ব্যাখ্যা : আমরা জানি, ৬০ মিনিট = ১ ঘণ্টা
∴ ১৮০ মিনিট = ৩ ঘণ্টা
এখন, স্রোতের অনুকূলে নৌকার গতিবেগ
= ৩৩/৩ কি.মি/ ঘণ্টা = ১১ কি. মি /ঘণ্টা
স্রোতের বেগ = (১১ - ৭) = ৪ কি.মি /ঘণ্টা
স্রোতের প্রতিকূলে নৌকার গতিবেগ
= (৭ - ৪) কি.মি/ঘণ্টা = ৩ কি.মি/ ঘণ্টা
∴ নির্ণেয় সময় = ৩৩/৩ = ১১ কি.মি / ঘণ্টা

75) ৪০ থেকে ১০০ পর্যন্ত বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যার অন্তর কত?

1)
৫৩

2)
৫৫

✔ 3)
৫৬

4)
৫৮

ব্যাখ্যা : ৪০ ও ১০০ এর মধ্যে সর্বনিম্ন ও সর্বোচ্চ মৌলিক সংখ্যা হচ্ছে যথাক্রমে ৪১ ও ৯৭।
∴এ দুটি সংখ্যার অন্তর হবে (৯৭ - ৪১) = ৫৬।

Hello BCS

76) কোন স্কুলের ছাত্র সংখ্যাকে ৫,৮,২০ দ্বারা ভাগ করলে প্রতিবারই ৪ জন ছাত্র অবশিষ্ট থাকে। ঐ স্কুলের ছাত্রসংখ্যা কত?

1)
৫৪

2)
৬০

✔ 3)
৪৪

4)
৪০

ব্যাখ্যা :

ছাত্র সংখ্যা হবে ৫,৮,২০ এর ল.সা.গু অপেক্ষা ৪ বেশি।
৫,৮,২০ এর ল.সা.গু = ৪০।
∴ নির্ণেয় সংখ্যাটি = ৪০ + ৪ = ৪৪

77) কোন পরীক্ষায় রহিমের প্রাপ্ত নম্বর যথাক্রমে ৮২, ৮৫ ও ৯২। চতুর্থ পরীক্ষায় তাকে কত নম্বর পেতে হবে, যেন তার প্রাপ্ত নম্বরের গড় ৮৭ হয়?

1)
৮৬

2)
৯২

✔ 3)
৮৯

4)
৮৮

ব্যাখ্যা : ধরি,
রহিমের চতুর্থ পরীক্ষায় প্রাপ্ত নম্বর x
প্রশ্নমতে,
(৮২ + ৮৫+ ৯২ + x)/৪=৮৭
⇒ ২৫৯ + x = ৩৪৮
⇒ x = ৩৪৮ - ২৫৯
∴ x = ৮৯
∴ চতুর্থ পরীক্ষায় প্রাপ্ত নম্বর = ৮৯।

78) কোন পরীক্ষায় পরীক্ষার্থীর ৮০% গণিত এবং ৭০% বাংলায় পাশ করল। উভয় বিষয়ে পাশ করল ৬০%। উভয় বিষয়ে শতকরা কতজন ফেল করল?

✔ 1)
১০

2)
১৫

3)
১২

4)
১১

Hello BCS

ব্যাখ্যা : Total = All SIngle - Both + None
⇒ 100 = 80 + 70 - 60 + None
⇒ None = 100 - 90
∴ None/ উভয় বিষয়ে ফেল = 10

79) দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৭ এবং তাদের গ.সা.গু. ৮ হলে, তাদের ল.সা.গু. হবে-

1)
২৬০

✔ 2)
২৮০

3)
২৯২

4)
৩১২

ব্যাখ্যা :

সংখ্যা দুইটির অনুপাত যথাক্রমে- ৫ : ৭

ধরি, সংখ্যা দুটি যথাক্রমে- ৫x ও ৭x

৫x ও ৭x এর গ.সা.গু = x = ৮

প্রশ্নমতে,
সংখ্যা দুটি যথাক্রমে= ৫×৮ ও ৭ ×৮ = ৪০ ও ৫৬

৪০ ও ৫৬ ল.সা.গু = ২৮০ (উত্তর)

80) কত বছরের গড় আবহাওয়াকে কোন অঞ্চলের জলবায়ু বলে?

1)
১০–২০

2)
২০–৩০

✔ 3)

Hello BCS

৩০-৪০

4)
২৫-৩৫

ব্যাখ্যা : কোন অঞ্চলের ৩০-৪০ বছরের আবহাওয়া অর্থাৎ বায়ু, তাপ, বৃষ্টিপাত প্রভৃতির গড়কে জলবায়ু বলা হয়।
বিভিন্ন কারণে বিশ্বের জলবায়ু পরিবর্তিত হয়ে যাচ্ছে। জলবায়ু পরিবর্তনের ফলে প্রকৃতি ও পরিবেশ মারাত্মক ক্ষতিগ্রস্ত হচ্ছে।
জলবায়ু পরিবর্তনের চারটি ক্ষতিকর প্রভাব হচ্ছে :
ভূ-পৃষ্ঠের তাপমাত্রা বেড়ে গিয়ে অসহনীয় গরম পড়ছে।
মেরু অঞ্চলের বরফ গলে ভূ-পৃষ্ঠের নিম্নাঞ্চল তলিয়ে যাচ্ছে।
বন্যা ও জলাবদ্ধতা বেড়ে গিয়ে মানুষের দুর্ভোগ বেড়ে যাচ্ছে।
গাছপালা ও বন্য প্রাণী ধ্বংস হয়ে যাচ্ছে।

এ পরিবর্তনের ফলে বাংলাদেশেও এর প্রভাব পড়ছে।

Hello BCS